

জেলা আইসিটি বিষয়ক কমিটির সেপ্টেম্বর ২০২৬ মাসের সভার কার্যবিবরণী :

সভাপতি	লুৎফুন নাহার
সভার তারিখ	১০.০৯.২০২৬ খ্রিষ্টাব্দ
সভার সময়	সকাল ১১: ০০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) গত আগস্ট ২০২৬ মাসে অনুষ্ঠিত জেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধন/সংযোজনী না থাকায় সেপ্টেম্বর/২০২৬ মাসের জেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী দৃষ্টাকরণ করা হয়। আইসিটি সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১।	(ক) জেলা পর্যায়ের সকল অফিসের তথ্য সম্বলিত ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সকল সরকারি দপ্তরের ওয়েব পোর্টালে তথ্য শতভাগ হালনাগাদের বিষয়টি নিয়মিত তদারকি করতে হবে। (খ) চুয়াডাঙ্গা জেলার মোট ৮৩টি সরকারি দপ্তর জাতীয় তথ্য বাতায়নে অন্তর্ভুক্ত রয়েছে। উক্ত দপ্তরসমূহের ওয়েব পোর্টালে বিভিন্ন গুরুত্বপূর্ণ তথ্য হালনাগাদের বর্তমান অবস্থা পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় নিম্নোক্ত চিত্র পাওয়া যায়— ১। কর্মকর্তা ও কর্মচারীর তথ্য: ৪টি অফিসে তথ্য হালনাগাদ নাই ২। তথ্য প্রদানকারী ও আপিল কর্তৃপক্ষের তথ্য: ২০টি অফিসে তথ্য হালনাগাদ নাই ৩। সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি: ৫৭টি অফিসে তথ্য হালনাগাদ নাই ৪। অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS): ৪২টি অফিসে তথ্য হালনাগাদ নাই এবং ৫। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার): ১৮টি অফিসে তথ্য হালনাগাদ নাই। উপরোক্ত পরিস্থিতি পর্যালোচনা করে যেসব দপ্তরের ওয়েব পোর্টালে তথ্য হালনাগাদ করা হয়নি, সেসব দপ্তরকে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় তথ্য হালনাগাদ ও নিয়মিত পরিবীক্ষণের জন্য অনুরোধ করা হয়। একই সঙ্গে সংশ্লিষ্ট দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের ওয়েব পোর্টালের তথ্য নির্ভুল, হালনাগাদ ও জনবান্ধব রাখার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। (গ) চুয়াডাঙ্গা জেলার সকল ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ ও তথ্যসমৃদ্ধ রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনার পরিপ্রেক্ষিতে আগামী ০১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টালের প্রয়োজনীয় তথ্য হালনাগাদ ও সংযোজনের জন্য ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি)-এর উদ্যোক্তাদের জরুরি নির্দেশনা প্রদান করা হয়। (ঘ) সদর হাসপাতাল, চুয়াডাঙ্গার নিজস্ব কোনো ওয়েব পোর্টাল নেই। এ বিষয়ে সভাপতি মহোদয় সদর হাসপাতাল, চুয়াডাঙ্গার জন্য একটি ওয়েব পোর্টাল খোলার বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিশেষভাবে অনুরোধ করেন। (ঙ) সভার কার্যবিবরণী / সভার নোটিশ 'ই-মেইল' এ দেওয়ার পূর্বসিদ্ধান্ত বহাল রাখা হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার (সকল), সহকারী কমিশনার (শিক্ষা ও আইসিটি শাখা), জেলা আইসিটি অফিসার/উপজেলা আইসিটি অফিসার (সকল), চুয়াডাঙ্গা।

২।	(ক) সকল দপ্তরে ডি-নথির কার্যক্রম ১০০% বৃদ্ধি করার তাগিদ প্রদান করা হয়। সকল দপ্তরের নথির কার্যক্রম একযোগে ডি-নথিতে না করার কারণে সংশ্লিষ্ট অফিস প্রধান বরাবরে ডি-নথিতে পত্র প্রেরণ করা সম্ভব হচ্ছে না। জেলা আইসিটি অফিসার জানান যে, চুয়াডাঙ্গা জেলায় মোট ৫৯টি সরকারি দপ্তরের ডি-নথি কার্যক্রম লাইভ রয়েছে। এর মধ্যে ৫৭টি দপ্তরে স্বাভাবিকভাবে ডি-নথির কার্যক্রম পরিচালিত হচ্ছে এবং ২টি দপ্তরে ডি-নথির কার্যক্রম পরিচালিত হচ্ছে না। ফলে ডি-নথির মাধ্যমে আন্তঃদপ্তরীয় যোগাযোগ ও পত্র প্রেরণ কার্যক্রম ব্যাহত হচ্ছে। এমতাবস্থায়, ডি-নথির কার্যক্রম পরিচালিত হচ্ছে না এমন সংশ্লিষ্ট ২টি দপ্তরের অফিস প্রধানের প্রয়োজনীয় তথ্য জেলা আইসিটি অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হয় এবং সকল দপ্তরে নথি কার্যক্রম শতভাগ ডি-নথির মাধ্যমে সম্পাদন নিশ্চিত করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। (খ) চুয়াডাঙ্গা জেলার সকল দপ্তর প্রধানের অংশগ্রহণে ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সংশ্লিষ্ট দপ্তর প্রধান, উপজেলা নির্বাহী অফিসার (সকল), সহকারী কমিশনার (শিক্ষা ও আইসিটি শাখা), জেলা আইসিটি অফিসার/উপজেলা আইসিটি অফিসার (সকল), চুয়াডাঙ্গা।
৩।	(ক) উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক পরিচালিত ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহ জেলা আইসিটি অফিসার, চুয়াডাঙ্গা নিয়মিত মনিটরিং এবং বিদ্যমান সমস্যার সমাধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) প্রতি মাসে জেলা আইসিটি কমিটির সভায় উদ্যোক্তাদের আয়-ব্যয়ের তথ্য উপস্থাপন বাধ্যতামূলক করার নির্দেশ প্রদান করা হয়। শ্রেষ্ঠ উদ্যোক্তা নির্বাচনে জন্ম-মৃত্যু নিবন্ধনের হার, সেবার পরিমাণ ও আয় বিবেচনা করা হবে। (গ) ইউডিসি উদ্যোক্তাদের আয়-ব্যয়ের তথ্যের যথার্থতা উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা আইসিটি অফিসার কর্তৃক তদারকি করা হবে এবং পিছিয়ে থাকা উদ্যোক্তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়। (ঘ) সভায় সকল ইউডিসি উদ্যোক্তাগণকে জেলা আইসিটি কমিটির সভায় উপস্থিতি নিশ্চিত করার জন্য জেলা আইসিটি অফিসারকে নির্দেশ প্রদান করা হয়। (ঙ) ইউডিসির সেবামূল্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের পরামর্শক্রমে নির্ধারণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এ ক্ষেত্রে চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্ধারিত সেবামূল্য অনুসরণ করা যেতে পারে। (চ) ইউডিসি উদ্যোক্তাদের নিয়ে পৃথক একটি সভা আয়োজনের বিষয়ে মাননীয় সভাপতি মহোদয় গুরুত্বারোপ করেন।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/উপজেলা নির্বাহী অফিসার (সকল) / জেলা আইসিটি অফিসার (সকল) তথ্য পরবর্তী মিটিং এ উপস্থাপন করবেন। উপজেলা আইসিটি অফিসার (সকল)/ সকল ইউপি সচিব/সকল ইউডিসি উদ্যোক্তা
৪।	সকল উপজেলা থেকে নির্ধারিত সময়ের মধ্যে উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে তাগিদ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), চুয়াডাঙ্গা
৫।	(ক) এ জেলায় ৫৭টি শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটি ডিজিটাল ল্যাব রয়েছে। জেলা ও উপজেলা আইসিটি অফিসারগণ কর্তৃক ডিজিটাল ল্যাবসমূহ নিয়মিত পরিদর্শন, সমস্যা চিহ্নিতকরণ এবং প্রয়োজনীয় সমাধান নিশ্চিতকরণ সংক্রান্ত পূর্ব সিদ্ধান্ত বহাল রাখা হলো। জেলা শিক্ষা অফিসারকে সকল কম্পিউটার ল্যাবের বর্তমান অবস্থা বিষয়ে প্রতিবেদন আগামী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়। (খ) প্রতিষ্ঠান প্রধান শিক্ষা প্রতিষ্ঠানে আধুনিক ল্যাবে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) সকল ডিজিটাল ল্যাবের আইসিটি শিক্ষক অথবা ল্যাব অপারেটর প্রতি মাসের জেলা আইসিটি কমিটির সভায় উপস্থিতি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা আইসিটি অফিসার, চুয়াডাঙ্গা'কে বলা হয়। (ঘ) জেলায় স্থাপিত সকল ল্যাব (আইসিটি ডিজিটাল ল্যাব ও শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত কম্পিউটার ল্যাব) প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে ল্যাবসমূহ নিয়মিত ব্যবহার ও ল্যাবের সকল যন্ত্রাংশ সচল রাখার ব্যাপারে জরুরি নির্দেশনা প্রদান করা হয়। ল্যাবের কোন কম্পিউটার বা অন্যান্য যন্ত্রাংশ নষ্ট, অচল বা স্লো হলে প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে ক্রয় বা মেরামত করার জরুরি নির্দেশনা প্রদান করা হয়। এ বিষয়টি জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নিয়মিত তদারকি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। (ঙ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে নিয়মিত ল্যাব পরিদর্শনের নির্দেশনা দেওয়া হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/ উপজেলা নির্বাহী অফিসার (সকল)/সহকারী কমিশনার (শিক্ষা ও আইসিটি)/ জেলা শিক্ষা অফিসার/ জেলা আইসিটি অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/উপজেলা আইসিটি অফিসার, (সকল) চুয়াডাঙ্গা/ সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান।
৬।	জেলা আইসিটি কমিটির আগামী সভায় সরকারি মুরগি প্রজনন ও উন্নয়ন খামার, চুয়াডাঙ্গা'কে তার কার্যালয়ের কার্যক্রমের উপর সংক্ষিপ্ত পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করার অনুরোধ করা হয়।	সরকারি মুরগি প্রজনন ও উন্নয়ন খামার, চুয়াডাঙ্গা।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



১৭-০৯-২০২৬

লুৎফুন নাহার

জেলা প্রশাসক ও সভাপতি জেলা আইসিটি

বিষয়ক কমিটি, চুয়াডাঙ্গা

ফোন : ০৭৬১৬৩১১১

ফ্যাক্স : ০৭৬১৬২৬৬৬

ইমেইল : dcchuadanga@mopa.gov.bd

তারিখ: ২ আশ্বিন ১৪৩৩
১৭ সেপ্টেম্বর ২০২৬

নম্বর: ৫৬.০৪.১৮০০.০০০.০০০.০৬.০০০১.২৬.২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
- ২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ৪। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। চুয়াডাঙ্গা জেলা আইসিটি বিষয়ক কমিটির সম্মানিত সদস্যবৃন্দ।



২০-০৯-২০২৬

মোঃ তরিকুল ইসলাম

জেলা আইসিটি অফিসার (অতিরিক্ত দায়িত্ব) ও

সদস্য সচিব, জেলা আইসিটি বিষয়ক কমিটি,

চুয়াডাঙ্গা